

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)  
গাজীপুর চৌরাস্তা শাখা, গাজীপুর।**

**অর্থস্থান আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃ জাকির, স্বত্ত্বাধিকারী-মেসার্স খাঁজা টাইলস্ এন্ড স্যানিটারী, পিতা-মোঃ আব্দুল আউয়াল, মাতা-মোসাঃ বিউটি, ব্যবসায়িক ঠিকানাঃ হোস্টি-৫০১, ওয়ার্ড নং-১৮, গাজীপুর সিটি কর্পোরেশন, সদর, গাজীপুর, বর্তমান ঠিকানাঃ গ্রাম-টেকনগপাড়া, পোঃ চান্দনা, গাজীপুর সদর, গাজীপুর, স্থায়ী ঠিকানাঃ গ্রাম-টেকনগপাড়া, পোঃ চান্দনা, গাজীপুর সদর, গাজীপুর কর্তৃক ইউসিবি, গাজীপুর চৌরাস্তা শাখা হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে খণ্ড গৃহীতার পিতা-মোঃ আব্দুল আউয়াল এবং চাচা-আব্দুর রাজ্জাক নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রি কৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রি কৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। খণ্ডগ্রহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ২২/০৭/২০১৮ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২,০১,৬৭,৮১৩/- (দুই কোটি এক লক্ষ সাতষটি হাজার চারশত তরে) টাকা সহ অন্যান্য আনুসংজ্ঞিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলনে হোরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### **বন্ধকী সম্পত্তির তফসিল**

জেলা-গাজীপুর, থানা-জয়দেবপুর, সাব-রেজিস্ট্রি অফিস-গাজীপুর সদর, গাজীপুর, জে.এল. নং-৩৭, মৌজা-টেকনগপাড়া, খতিয়ান নং-সি.এস.-১৫, এস.এ.-৩৬, আর.এস.-২৫, দাগ নং-সি.এস. এবং এস.এ.-৮৪, আর.এস. নং-১৭৮, ১৭৯, জমির পরিমাণ ১৫.০০ শতাংশ।

#### **নিলামের শর্তাবলী :-**

- ১। আগামী ১৯/০৮/২০১৮ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি, গাজীপুর শাখা, ঢাকা এ রাষ্ট্রিয় বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রি কৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার শতকরা ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউসিবি, গাজীপুর শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াশ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াশ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রিশন ফ্রি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর

কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিত হইবে।

৬। দরপত্র জমা নেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থা, স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি, গাজীপুর চৌরাস্তা শাখা, গাজীপুর।